দৈনিক খবর

তারিখ ... 18 MAY 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

# কলেজ শিক্ষকদের সমান সুযোগ–সুবিধা প্রদানের দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ঢাকা মহানগর সম্মেলনে সরকারী কলেজের শিক্ষকদের ন্যায় বেতন স্কেল, ভাতাদি ও সুযোগ–সুবিধা প্রদানের জন্য সরকারের নিকট দাবী জানানো হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে তেজগাঁও কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত এ

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## কলেজ শিক্ষকদের সমান

প্রথম পৃষ্ঠার পর

সম্মেলনে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ পরিষদের সাধারণ সম্পাদক অধ্যক্ষ তোফায়েল আহমেদ চৌধুরী। কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মনির আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ আনোয়ারুল হক, স্কুল সমিতির সভাপতি মোঃ নুরুল্লা, সরকারী স্কুল সমিতির সভাপতি ডঃ সৈয়দ আহমেদ, অধ্যক্ষ বদিউল আলম ও উপাধ্যক্ষ মোঃ ইউনুস। সম্মেলনে নিউ মডেল কলেজের উপাধ্যক্ষ মোঃ ইসমাঈল সভাপতি ও তেজগাঁও কলেজের অধ্যাপক এ এস এম এনায়েতউল্লাহকে সাধারণ সম্পাদক করে ১৭ সদস্যবিশিষ্ট মহানগর কমিটি গঠন করা হয়েছে। সম্মেলনের শুরুতে সাম্প্রতিক ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে নিহতদের আত্মার শান্তি কামনা করে মোনাজাত করা হয়।

অধ্যক্ষ তোফায়েল আহমেদ চৌধুরী বলেন, শিক্ষার সাথে সম্পৃক্ত ছিল এমন ব্যক্তিরা প্রশাসনের উচ্চপদে না থাকার কারণে শিক্ষার বিকাশ যেমন সঠিকভাবে ঘটছে না, তেমনি শিক্ষকদের সমস্যা সমাধানে কোন উদ্যোগ নেয়া হচ্ছে না। শিক্ষকদের অন্তহীন সমস্যা। শিক্ষা ও শিক্ষকদের সমস্যা বৃটিশ আমলে যা ছিল এখনো তাই রয়েছে। সরকারী শিক্ষকদের ইন্স্যুরেন্স, প্রভিডেন্ট ফান্ড এবং পেনশনসহ সব রকমের সুযোগ–সুবিধা রয়েছে। কিন্তু বেসরকারী শিক্ষকদের কোন সুযোগ–সুবিধা নেই। সরকারী ও বেসরকারী কলেজ–স্কুলের শিক্ষকদের মধ্যেকার অসঙ্গতি দূর করার জন্য আমাদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। নিজেদের অধিকার আদায়ের জন্য এক হয়ে কাজ করলে আমরা জয়ী হবো।

সম্মেলনের সভাপতি মনির আহমেদ বলেন, অতীতে নেতৃত্বের উচ্চাভিলাষের জন্য শিক্ষক সমিতির যথেষ্ট ক্ষতি হয়েছে। শিক্ষক সমাজের স্বার্থে সমিতি কাজ করেনি, তারা ব্যক্তিগত স্বার্থ উদ্ধারের জন্য সব সময়ই সরকারের সহযোগী হয়ে কাজ করেছে। গণঅভ্যুত্থানের দুই দিন আগেও তারা এরশাদের পক্ষে বিবৃতি দিয়েছে, আর আজকে বর্তমান সরকারের মন্ত্রী ও এমপিদের কাছ থেকে সুবিধা নেয়ার চেষ্টা করছে। এদেরকে চিহ্নিত করতে হবে। এরাই সমিতির গঠনতন্ত্র লংঘন করে বছরের পর বছর সমিতির নেতৃত্ব দখল করে রেখেছিল। ১৯৯০–এর গণঅভ্যুত্থানের সময় যাদেরকে গণদুশমন হিসেবে চিহ্নিত করা হয়েছে, তারা আবার পূর্বের কায়দায় শিক্ষক সমাজকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালাচ্ছে। তিনি অধিকার আদায়ের সংগ্রামে শিক্ষক সমাজকে সকল ভুল বুঝাবুঝির অবসান ঘটিয়ে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহবান জানান।

### ঢাকা মহানগর কমিটি

সম্মেলনে নির্বাচিত ঢাকা মহানগর কমিটির কর্মকর্তারা হলেন ঃ সভাপতি মোঃ ইসমাইল, সহ–সভাপতি আবদুর রাজ্জাক, মনিরুল ইসলাম, তোজাম্মেল হক ও আবদুর রশিদ, সাধারণ সম্পাদক এ এস এম এনায়েতউল্লাহ, যুগ্ম–সম্পাদক এস এম জাহাঙ্গীর শাহনেওয়াজ, সহকারী সম্পাদক শিউলি ব্যানার্জী ও অধ্যাপক জিয়াউদ্দিন, কোষাধ্যক্ষ শামসুন্নাহার মাসুদ, সাংগঠনিক সম্পাদক শামছুল আলম ও শফিকুর রহমান চৌধুরী, প্রচার সম্পাদক নূরুল আলম, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক সাইদুন্নবী, দপ্তর সম্পাদক সৈয়দা মাকসুদা নূর, গণসংযোগ সম্পাদক আবদুস সালাম ও মহিলা বিষয়ক সম্পাদিকা মিসেস রেহানা সুলতানা।

### অধ্যক্ষ পরিষদের সভা অনুষ্ঠিত

গতকাল তেজগাঁও কলেজে অধ্যক্ষ পরিষদের কার্যকরী সংসদের এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন পরিষদের সভাপতি অধ্যক্ষ মাহমুদ মোকাররম হোসেন। সভায় সাম্প্রতিক সামুদ্রিক ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে নিহত ব্যক্তিদের রূহের মাগফেরাত কামনা এবং ক্ষতিগ্রস্তদের জন্য সমবেদনা জ্ঞাপন করা হয়।

সভায় বেসরকারী কলেজসমূহের অধ্যক্ষগণ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত দুর্গত শিক্ষকগণের সাহায্যার্থে 'ত্রাণ তহবিল' গঠন করে তাদের স্ব স্ব কলেজের দুর্গত শিক্ষকগণের একটি সুষ্ঠু তালিকা প্রস্তুত করে অধ্যক্ষ পরিষদের সাধারণ সম্পাদক তোফায়েল আহমদ চৌধুরী (অধ্যক্ষ, তেজগাঁও কলেজ) অথবা উইম্যান ফেডারেশন কলেজের অধ্যক্ষা নার্গিস খানের (কোষাধ্যক্ষ) নিকট প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।